

উত্তরপাড়া

জলপ্রকল্পের

শতবর্ষ পূর্তি

বিএনএ, চুঁচুড়া: সোমবার উত্তরপাড়া জলপ্রকল্পের ১০০ বছর পূর্তি অনুষ্ঠান হল। ১৯১৮ সালের ১ অক্টোবর এই প্রকল্পের সূচনা হয়। তৎকালীন সময়ে ১ লক্ষ ৮০ হাজার টাকা খরচ করে এই জলপ্রকল্প তৈরি হয়। তখন বাবু জয়কৃষ্ণ মুখোপাধ্যায়, রাজা প্যারিমোহন ও রাজা জোৎকুমার মুখোপাধ্যায় উদ্যোগ নিয়ে উত্তরপাড়ার বাবুঘাটের কাছে এই জলপ্রকল্পের সূচনা করেছিলেন। সেই উপলক্ষে ওই জলপ্রকল্পের কাছে এদিন এক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পুরসভার চেয়ারম্যান দিলীপ যাদব ও রাজার বংশধররা। এদিন বাবুঘাট যাওয়ার রাস্তাও রাজার নামে করা হয়।